

Lesson 9

TENSE

Objectives :



At the end of this lesson you will be able to :

- ⑤ understand the definition of tense.
- ⑤ find out the kinds of tenses.
- ⑤ identify the examples of different tenses.
- ⑤ explain the structure and rules of tense.
- ⑤ use conjugation of verb.

Tense শব্দের উৎপত্তি ল্যাটিন শব্দ Tempus থেকে। Tempus শব্দের অর্থ 'সময়'। বাংলায় Tense অর্থ কাল বা সময়।

নিচের উদাহরণগুলো লক্ষ্য কর :

We are playing cricket today = আমরা আজ ক্রিকেট খেলছি।

We played cricket yesterday = আমরা গতকাল ক্রিকেট খেলেছিলাম।

We shall play cricket tomorrow = আমরা আগামীকাল ক্রিকেট খেলব।

উপরের Sentence গুলোতে ভিন্ন ভিন্ন তিনটি সময়ের কথা বলা হয়েছে। প্রথম Sentence-এ 'আজ খেলছি' অর্থাৎ বর্তমান সময়ের কথা বলা হয়েছে। এটা বর্তমান কাল বা Present Tense নির্দেশক বাক্য।

দ্বিতীয় Sentence-এ গতকাল খেলেছিলাম অর্থাৎ অতীত সময়ের কথা বলা হয়েছে। এটা অতীত কালে বা Past Tense নির্দেশক বাক্য।

তৃতীয় Sentence-এ আগামীকাল খেলব, অর্থাৎ ভবিষ্যৎ সময়ের কথা বলা হয়েছে। এটা ভবিষ্যৎ কাল বা Future Tense নির্দেশক বাক্য।

সুতরাং বলা যায়, Verb-এর কাজ সংঘটনের সময় নির্দেশ করার জন্য Verb-এর যে রূপগুলো ব্যবহৃত হয় তাদের Tense বলে।

অর্থাৎ Verb-এর কার্য নিষপন্ন হওয়ার সময়কে Tense বলে।

Tense প্রধানতঃ তিন প্রকার, যথা-

1. Present Tense- বর্তমান কাল।
2. Past Tense- অতীত কাল।
3. Future Tense- ভবিষ্যৎ কাল।

Present Tense

(বর্তমান কাল)

1. Present Tense : কোন কাজ বর্তমান হয়, হচ্ছে বা এইমাত্র শেষ হয়েছে; কিন্তুফল এখনও বর্তমান রয়েছে এরূপ বুঝালে Verb-এর Present Tense হয়। যথা-

- I read a book- আমি বই পড়ি।
- You are reading a news paper- তুমি একটি সংবাদ পত্র পড়ছ।
- You have read a book- তুমি একখানা বই পড়েছ।

উপরের বাক্য তিনটির মধ্যে Read Verb-টি দ্বারা বর্তমানে কাজ সম্পন্ন হয়, হচ্ছে এবং হয়েছে বুঝাচ্ছে। সুতরাং Read Verb-টি তিনটি বাক্যেই Present Tense.

Present Tense চার প্রকার। যথা-

- Present Indefinite- সাধারণ বর্তমান।
- Present Continuous- চলমান বর্তমান।
- Present Perfect- পুরাঘটিত বর্তমান।
- Present Perfect Continuous- ঘটমান বর্তমান।

1. Present Indefinite Tense : বর্তমানে কোন একটি কাজ হয়, এরূপ বুঝাতে Verb-এর Present Indefinite Tense হয়। যথা :

- The bird sings- পাখীটা গান করে।
- The cow eats grass- গরুটা ঘাস খায়।

Note : চিরসত্য এবং নিত্যঘটিত অভ্যাস বুঝাতে সর্বদা Verb-এর Present Indefinite Tense হয়। যথা-

- The sun rises in the east- সূর্য পূর্ব দিকে উদিত হয়।
- He comes here daily- সে রোজ এখানে আসে।

Note : নিকটবর্তী ভবিষ্যৎ বুঝাতেও Present Indefinite Tense হয়। যথা-

- The school reopens on Sunday next- আগামী রবিবার স্কুল খুলবে।

Note : Present Indefinite Tense- এ Verb-এর কর্তা Third Person Singular Number-এর হলে Verb-এর শেষে s' বা 'es' যোগ করতে হয়। যথা-

- He eats rice- সে ভাত খায়।
- He does not eat rice- সে ভাত খায় না।
- The cat mews- বিড়ালটা মিউ মিউ করে।

গঠন প্রণালী : Present Indefinite Tense গঠন করতে হলে কর্তার পরে Verb-এর Present Form (রূপ) বসে।

2. Present Continuous Tense : কোন কাজ পূর্বেই আরম্ভ হয়েছে এবং এখনও চলছে এরূপ বুঝালে Verb-এর Present Continuous Tense হয়।

বুঝবার উপায় : বাংলা বাক্যে ক্রিয়া পদের শেষে ইতেছি, ইতেছ, ইতেছে (সাপু ভাষায়) ইত্যাদি প্রত্যয় থাকলে ইংরেজিতে ing বুঝতে হবে।

গঠন প্রণালী : এ Tense গঠন করতে মূল Verb-এর Present form এর সাথে ing যোগ করতে হয় এবং তার পূর্বে Subject বা কর্তা অনুযায়ী Verb 'to be' অর্থাৎ am, is, are ইত্যাদি বসে। যেমন :

- (a) He is going to school- সে স্কুলে যাচ্ছে।
 (b) They are playing football- তারা ফুটবল খেলছে।
 (c) I am reading a book- আমি একটি বই পড়ছি।
 (d) We are going to school- আমরা স্কুলে যাচ্ছি।
 (d) You are laughing- তুমি হাসছ।

লক্ষ্য কর : শুধু I এর পরে am, third person singular number-এর পরে is এবং আর সকল person এবং number- এর পরে are বসে।

- 3. Present Perfect Tense :** কোন কাজ এইমাত্র শেষ হয়েছে; কিন্তু ফল এখনও বর্তমান আছে এরূপ বুঝালে Verb এর Present Perfect Tense হয়।

চিনবার উপায় : বাংলা বাক্যে ক্রিয়ার শেষে আছি, আছ ও আছে প্রত্যয় থাকলে Present Perfect Tense হয়।

গঠন প্রণালী : এ Tense গঠন করতে মূল Verb-এর Past Participle- এর রূপ হয় এবং তার পূর্বে কর্তা অনুসারে have বা has বসে। যথা-

He has broken the glass- সে গ্লাসটি ভেঙেছে।
 I have done the sum- আমি অংকটি করেছি।

- 4. Present Perfect Continuous Tense :** কোন কাজ পূর্বেই আরম্ভ হয়ে দীর্ঘ সময় ধরে চলছে এরূপ বুঝালে Verb-এর Present Perfect Continuous Tense হয়।

চিনবার উপায় : বাংলা ক্রিয়ার সাথে ইতেছে, ইতেছ, ইতেছে ইত্যাদি (সাপু ভাষায়) ক্রিয়া বিভক্তি থাকে এবং কোন ব্যাপক সময়ের উলে-খ থাকে।

গঠন প্রণালী : মূল Verb-এর শেষে 'ing' যোগ করা হয় এবং তার পূর্বে কর্তা অনুযায়ী have been বা has been বসে। যথা :

I have been reading in this school for two years.

আমি দু' বৎসর যাবৎ এ স্কুলে পড়ছি।

Conjugation of verb 'go' in all forms of Present Tense.

1. Present Indefinite Tense

Person	Singular	Plural
1st.	I go- আমি যাই।	We go- আমরা যাই।
2nd.	You go-তুমি যাও।	You go- তোমরা যাও।
3rd.	He goes- সে যায়।	They go- তারা যায়।

Present Continuous Tense

Person	Singular	Plural
1st.	I am going (আমি যাচ্ছি)	We are going (আমরা যাচ্ছি)
2nd	You are going (তুমি যাচ্ছ)	You are going. তোমরা যাচ্ছ।

3rd He is going. সে যাচ্ছে They are going. তারা যাচ্ছে।

Present Perfect Tense

Person	Singular	Plural
1st.	I have gone. আমি গিয়েছি।	We have gone. আমরা গিয়েছি।
2nd.	You have gone. তুমি গিয়েছ।	You have gone. তোমরা গিয়েছ।
3rd.	He has gone. সে গিয়েছে।	They have gone. তারা গিয়েছে।

Present Perfect Continuous Tense

Person	Singular	Plural
1st.	I have been going আমি (পূর্ব হতে) যাচ্ছি।	We have been going. আমরা (পূর্ব হতে) যাচ্ছি।
2nd.	You have been going. তুমি (পূর্ব হতে) যাচ্ছ।	You have been going. তোমরা (পূর্ব হতে) যাচ্ছে।
3rd.	He has been going. সে (পূর্ব হতে) যাচ্ছে।	They have been going. তারা (পূর্ব হতে) যাচ্ছে।

Past Tense

(অতীত কাল)

Present Tense- এর ন্যায় Past Tense ও চার প্রকার। যথা :

1. Past Indefinite Tense -সাধারণ অতীত
2. Past Continuous Tense- চলমান অতীত
3. Past Perfect Tense- পূরাঘটিত অতীত
4. Past Perfect Continuous Tense- ঘটমান অতীত

1. **Past Indefinite Tense** : অতীতে কোন কার্য সম্পন্ন হয়েছিল বুঝালে Verb-এর Past Indefinite Tense হয়।

চিনবার উপায় : বাংলা ক্রিয়াপদের শেষে ছিল, ছিলে, ছিলাম ইত্যাদি প্রত্যয় থাকলে Past Indefinite Tense হয়।

গঠন প্রণালী : এ Tense গঠন করতে কর্তার পর Verb-এর Past form বসাতে হয়। যথা :

I gave him a book- আমি তাকে একখানা বই দিয়েছিলাম।

You went to school- তুমি স্কুলে গিয়েছিলে।

He did the sum- সে অংকটি করেছিল।

2. **Past Continuous Tense** : অতীত কালে কোন কাজ আরম্ভ হয়ে কিছু সময় যাবৎ চলছিল বুঝালে Verb-এর Past Continuous Tense হয়।

চিনবার উপায় : বাংলা বাক্যে ক্রিয়ার শেষে- ইতেছিল, ইতেছিলে (সাধু ভাষায়) ছিল, ছিলে। (চলিত ভাষায়) ইত্যাদি ক্রিয়াবিভক্তি থাকলে Verb-এর Past Continuous Tense হয়।

গঠন প্রণালী : মূল Verb-এর শেষে 'ing' যোগ করতে হয় এবং এর পূর্বে কর্তা অনুযায়ী was বা were বসে। যথা-

I was playing - আমি খেলতেছিলাম।

We were playing- আমরা খেলতেছিলাম।

He was running- সে দৌড়াচ্ছিল।

They were running- তারা দৌড়াচ্ছিল।

You were writing- তুমি লিখছিলে।

মনে রাখবে- I এর পরে এবং Third Person Singular Number-এর পরে was এবং You ও অন্য সকল Plural Number-এর পরে were বসে।

- 3. Past Perfect Tense :** অতীত কালে একটি কাজের আগে আরেকটি কাজ সম্পন্ন হয়েছিল বুঝালে Verb এর Past perfect Tense হয়।

দুটি কাজের মধ্যে যেটি আগে সম্পন্ন হয়, তার Past Perfect এবং যেটি পরে সম্পন্ন হয়, তার Past Indefinite Tense হয়।

গঠন প্রণালী : যে কাজটি পূর্বে হয়েছিল, তার মূল Verb-এর Past Participle রূপ বসে এবং তার পূর্বে had বসে। যথা : The patient had died before the doctor came (ডাক্তার আসার আগে রোগীটি মারা গিয়েছিল।) The train had left before we reached the station- আমরা পৌঁছার পূর্বে গাড়ীটি স্টেশন ত্যাগ করেছিল।

- 4. Past Perfect Continuous Tense :** অতীত কালে একটি কাজ আগেই আরম্ভ হয়ে আর একটি কাজের পূর্ব পর্যন্ত চলছিল, এরূপ বুঝালে Verb-এর Past Perfect Continuous Tense হয়।

গঠন প্রণালী : মূল Verb-এর শেষে ing যোগ করতে হয় এবং তার পূর্বে had been বসে। যথা : I had been reading a book before he came- সে আসার পূর্ব পর্যন্ত আমি একটি বই পড়ছিলাম।

We had been playing football since 4 PM. বিকেল ৪টা পর্যন্ত আমরা ফুটবল খেলছিলাম।

Conjugation of Verb 'go' in all forms of Past Tense :

Past Indefinite Tense

Person	Singular	Plural
1st.	I went (আমি গিয়েছিলাম)	We went (আমরা গিয়েছিলাম।)
2nd	You went (তুমি গিয়েছিলে)	You went. (তোমরা গিয়েছিলে।)
3rd	He went সে গিয়েছিল	They went তারা গিয়েছিলো।

Past Continuous Tense

Person	Singular	Plural
1st.	I was going. আমি যাচ্ছিলাম।	We were going. আমরা যাচ্ছিলাম।
2nd	You were going. তুমি যাচ্ছিলে।	You were going. তোমরা যাচ্ছিলে।
3rd	He was going. সে যাচ্ছিল।	They were going. তারা যাচ্ছিল।

Past Perfect Tense

Person	Singular	Plural
1st.	I had gone. (আমি গিয়েছিলাম)	We had gone. (আমরা গিয়েছিলাম)
2nd	You had gone. (তুমি গিয়েছিলে)	You had gone. (তোমরা গিয়েছিল)
3rd	He had gone. (সে গিয়েছিল)	They had gone. (তারা গিয়েছিল।)

Past Perfect Continuous Tense

Person	Singular	Plural
1st.	I had been going. (আমি যাচ্ছিলাম) কোন অতীত কার্যের পূর্বে।	We had been going. আমরা যাচ্ছিলাম।
2nd	You had been going. (তুমি যাচ্ছিলে)	You had been going. তোমরা যাচ্ছিলে।
3rd	He had been going. সে যাচ্ছিল।	They had been going. তারা যাচ্ছিল।

Future Tense
(ভবিষ্যত কাল)

Future Tense চার প্রকার। যথা :

1. Future Indefinite Tense.
2. Future Continuous Tense.
3. Future Perfect Tense
4. Future Perfect Continuous Tense.

- 1. Future Indefinite Tense :** ভবিষ্যতে কোন কাজ সম্পন্ন হবে বুঝালে Verb-এর Future Indefinite Tense হয়।

চিনবার উপায় : বাংলা ক্রিয়ার শেষে বে, বো, বা প্রত্যয় থাকলে ইংরেজিতে Future Indefinite Tense বুঝতে হবে।

গঠন প্রণালী : এ Tense গঠন করতে হলে মূল Verb-এর পর shall বা will বসাতে হয়। সাধারণতঃ I এবং will এর পর shall এবং আর সকল ব্যক্তি বা বস্তুর পর will বসে। যেমন :

I shall go- আমি যাব।	We shall read- আমরা পড়ব।
You will play- তুমি খেলবে।	You will laugh- তোমরা হাসবে।
He will come- সে আসবে।	They will come- তারা আসবে।
The dog will bark- কুকুরটি ঘেউ ঘেউ করবে।	The cat will run- বিড়ালটি দৌড়াবে।

- 2. Future Continuous Tense :** ভবিষ্যতে কোন কাজ চলতে থাকবে বুঝালে Verb-এর Future Continuous হয়।

চিনবার উপায় : বাংলা বাক্যে ইতে থাকব, ইতে থাকবে ইত্যাদি থাকলে Verb-এর Future Continuous Tense হয়।

গঠন প্রণালী : এ Tense এ বাক্য গঠন করতে হলে মূল Verb-এর আগে Person ভেদে shall be বা will be বসবে এবং মূল Verb- এর শেষে ing যোগ হবে।

I shall be eating rice- আমি ভাত খেতে থাকব।

You will be going- তুমি যেতে থাকবে।
 He will be playing- সে খেলতে থাকবে।
 They will be reading- তারা পড়তে থাকবে।

- 3. Future Perfect Tense :** কোন একটি কাজ হবার পূর্বে আর একটি কাজ হয়ে থাকবে বুঝালে Verb- এর Future Perfect Tense হয়।

গঠন প্রণালী : এ Tense গঠন করতে হলে মূল Verb-এর আগে Subject (কর্তা) অনুযায়ী shall have বা will have বসবে এবং মূল Verb-এর Past Participle form হবে। যথা : I shall have eaten rice before he comes.
 সে আসার আগে আমি ভাত খেয়ে থাকব।

- 4. Future Perfect Continuous Tense :** ভবিষ্যতে একটি কাজের পূর্বে অপর একটি কাজ কিছুকাল যাবৎ চলতে থাকবে বুঝালে আগের কাজটির Future Perfect Continuous Tense হয়।

গঠন করার নিয়ম : এ Tense গঠন করতে হলে মূল Verb-এর আগে Subject অনুযায়ী shall have been বা will have been বসবে এবং মূল Verb-এর শেষে ing যোগ হবে। পরে সম্পাদিত Verb টির Present বা Future Indefinite Tense হবে। যথা-

He will have been working till ten o'clock.
 সে দশটা পর্যন্ত কাজ করতে থাকবে।

Conjugation of Verb 'go' in all forms of Future Tense.

Future Indefinite Tense		
Person	Singular	Plural
1st.	I shall go. আমি যাব।	We shall go. আমরা যাব।
2nd.	You will go. তুমি যাবে।	You will go. তোমরা যাবে।
3rd.	He will go. সে যাবে।	They will go. তারা যাবে।
Future Continuous Tense		
Person	Singular	Plural
1st.	I shall be going. আমি যেতে থাকব।	We shall be going. আমরা যেতে থাকব।
2nd.	You will be going. তুমি যেতে থাকবে।	You will be going. তোমরা যেতে থাকবে।
3rd.	He will be going. সে যেতে থাকবে।	They will be going. তারা যেতে থাকবে।
Future Perfect Tense		
Person	Singular	Plural
1st.	I shall have gone. আমি যেয়ে থাকব।	We shall have gone. আমরা যেয়ে থাকব।
2nd.	You will have gone. তুমি যেতে থাকবে।	You will have gone. তোমরা যেতে থাকবে।
3rd.	He will have gone. সে যেতে থাকবে।	They will have gone. তারা যেতে থাকবে।